# উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৩- ০১ তারিখঃ ১৬ জানুয়ারী '২০২৪খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের জানুয়ারী'-২০২৪ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ২২ জানুয়ারী'২০২৪ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১.৩০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।S
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. বিবিধ।

১৫/১/২০২৪

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০৪২২৩-৬৫০২২
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর - ৪ [ সদয় উপস্থিতির অনুরোধসহ ]
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৪। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
৫। উপজেলা ----------------------------------------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৬। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।
৭। আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

# উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-০১

তারিখঃ ১৬ জানুয়ারী' ২০২৪খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য ও প: প্: কর্মকর্তা | ১৭/০১/২৪ |
| ২ | উপজেলা কৃষি কর্মকর্তা | ১৭/০১/২৪ |
| ৩ | উপজেলা প্রকৌশলী | ১৭/০১/২৪ |
| ৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | ১৭/০১/২৪ |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | ১৭/১/২৪ |
| ৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ১৭/০১/২৪ |
| ৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ১৭/০১/২৪ |
| ৮ | উপজেলা সমবায় কর্মকর্তা | ১৭/০১/২৪ |
| ৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ১৭/১/২৪ |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ১৭/০১/২০২৪ |
| ১১ | উপজেলা প: প: কর্মকর্তা | ১৭.১.২৪ |
| ১২ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা | ১৭/০১/২৪ |
| ১৩ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | ১৭/০১/২৪ |
| ১৪ | ফরেস্টার, সামাজিক বনায়ন | ১৭/১/২৪ |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | ১৭/১/২৪ |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) | 17.1.24 |

## উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-০১

তারিখঃ ১৬ জানুয়ারী' ২০২৪খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ৩. | চেয়ারম্যান, জহুরপুর ইউপি | |
| ৪. | চেয়ারম্যান, বন্দবিলা ইউপি | |
| ৫. | চেয়ারম্যান, রায়পুর ইউপি | |
| ৬. | চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি | |
| ৭. | চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি | |
| ৮. | চেয়ারম্যান, দোহাকুলা ইউপি | |
| ৯. | চেয়ারম্যান, দরাজহাট ইউপি | |
| ১০. | চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি | |
| ১১. | চেয়ারম্যান, জামদিয়া ইউপি | |

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-০১ তারিখঃ ১৬ জানুয়ারী' ২০২৪খ্রিঃ।

| ক্র: নং | পদবী | প্রাপ্তী স্বীকার |
|---|---|---|
| ১. | মেয়র, বাঘারপাড়া পৌরসভা | ১৭/১/২৪ |

উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার উপস্থিতি-

সভাপতি :- জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া

স্থান :- উপজেলা পরিষদ মিলনায়তন

তারিখ ও সময় :- ২২/০১/২০২৪ খ্রি: সোমবার বেলা-১১:৩০

সভায় উপস্থিত জনপ্রতিনিধিগণের স্বাক্ষর :-

১। মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপ: পরি: → [signature] 22/01/24

২। বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান " " → [signature] 22/01/24

৩। মেয়র, পৌরসভা, বাঘারপাড়া → [signature] 22/01/24

৪। চেয়ারম্যান, জহুরপুর, ইউপি → [signature] 22.01.24

৫। " বন্দবিলা " → [signature] 22/01/24

৬। " রায়পুর " →

৭। " নারিকেলবাড়ীয়া " → [signature] 22/01/24

৮। " ধলগ্রাম " → [signature] 22/01/202

৯। " দোহাকুলা " → [signature] 22/01/24

১০। " দরাজহাট " → [signature] 22/1

১১। " বাসুয়াড়ী " →

১২। " জামদিয়া " → [signature]

উপস্থিত বিভাগীয় প্রধানগনের স্বাক্ষর উপস্থিতি ক্রমানুসারে

মো: আশরাফুল হাসান USSO

জামাল বালা, উপজেলা মৎস্য অফিসার

মো: মোস্তাফিজুর রহমান. উপজেলা সমবায় অফিসার

মো: ... উপ-সহকারী প্রকৌশলী LGED

মো: ... USEO

মো: মোশাররফ হোসেন উপ্রক০

মো: ইকবাল হোসেন UFPO

মো: আবু হানিফ, SAE, DPHE

মো: মোতালেব হোসেন UDF, UGDP — Muttalib

মরিয়ম খাতুন UDBO

সাইয়েদা নাসরিন রহমান UAO

মো: জাহিদুল আরফিন ULO

বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

জান্নাতুল ফেরদৌস লাবনী, UWAO

... UEO — 22/01/24

ডা. ... UH&FPO — 22.01.24

# বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ২২ জানুয়ারী ২০২৪ সোমবার, বেলা-১১.৩০ ঘটিকা

**উপস্থিত সদস্যদের তালিকা :**

০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাঘারপাড়া,যশোর ।
০১) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৬) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

**অনুপস্থিত সদস্যদের তালিকা :**

০১) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।

**উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :**

০১) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব পলাশ বালা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব সালেহ আকরাম, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব এস.এম জিল্লুর রশীদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৬) জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৭) জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১১) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১২) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
১৩) জনাব জান্নাতুল ফেরদৌস লাবনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১৪) জনাব ইসমত আরা পারভীন, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৫) ডাঃ অরুপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর

**অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):**

০১) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান । উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন । সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ**<br>সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি। | সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার। |
| ০২. | **পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ**<br>পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে। | সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়। | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩. | **বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (**ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন**)**<br>উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির মধ্যে কোন কমিটির সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি। | নিয়মীত বিধি মোতাবেক স্থায়ী কমিটির সভা করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়। | ১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ, |
| ০৪ | **৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):-<br>**(ক) সেচ অনুমোদন সংক্রান্তঃ** উপজেলা সেচ কমিটির গত ১৪-১১-২০২৩ খ্রিঃ তারিখের সভায় অনুমোদন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকা এবং নবায়ন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকাসহ অযোগ্য বিভিন্ন তালিকা পরিশিষ্ট-ক আকারে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সেচ কমিটি কর্তৃক সুপারিশকৃত অনুমোদনযোগ্য অগভীর নলকূপ-৪২টি, অনুমোদন যোগ্য গভীর-০২টি, নবায়ন যোগ্য-০১টি এবং অনুমোদন অযোগ্য অগভীর নলকূপ-২২৪টি, অনুমোদন অযোগ্য গভীর-১৩টি স্কীমের তালিকাসমূহ অনুমোদন দেওয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | **(ক)**উপজেলা সেচ কমিটি কর্তৃক সুপারিশকৃত অনুমোদনযোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকা এবং নবায়ন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকাসমূহ অনুমোদন দেওয়া হয়। | (ক) ১। উপজেলা নির্বাহী অফিসার<br><br>২। উপসহকারী প্রকৌশলী, বিএডিসি সেচ |
| ০৫. | **আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)**<br>**(ক) উপজলো পরিষদের রাজস্ব তহবিলের আওতায় (**মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী**) পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) ডিসেম্বর-২০২৩ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-গ সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।<br>**(খ) উপজেলা পরিষদের দোকান ভাড়া হালনাগাদ সংক্রান্তঃ**<br>উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২২ মাসের মাসিক সাধারণ সভায় ০৮নং আলোচ্যসূচিতে উপজেলা পরিষদের বাসা-বাড়ি ও দোকানঘরের ভাড়া বর্তমান সময়ে বাজার পরিস্থিতির সহিত সমন্বয়ের জন্য ০৫(পাঁচ) সদস্যের একটি কমিটি গঠন করা হয়। বর্ণিত কমিটির প্রস্তবনার প্রেক্ষিতে উপজেলা পরিষদের মাসিক সভায় জানুয়ারী-২০২৩ মাস হতে দোকান ভাড়া ২০০০/- টাকা নির্ধারণ করা হলে, ইজারাপ্রাপ্ত দোকানদারগণ কর্তৃক ভাড়া কমানোর বিষয়ে পূনরায় বিবেচনা করার জন্য আবেদন দাখিল করেন। উক্ত আবেদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত ভাড়া বর্তমান বাজারের সহিত সঠিক থাকায় ভাড়া কম না করে পূর্বনির্ধারীত ভাড়া বহাল রেখে জানুয়ারী-২০২৩ এর পরিবর্তে জানুয়ারী-২০২৪ মাস হতে কার্যকর করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং জানুয়ারী-২০২৩ হতে ডিসেম্বর-২০২৩পর্যন্ত পূর্বের নির্ধারীত ভাড়া গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। বর্ণিত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। | (ক)<br>বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।<br><br>(খ)জানুয়ারী-২০২৪ মাস হতে উপজেলা পরিষদের মালিকানাধীন সকল দোকানের ভাড়া ২০০০/- (দুই হাজার) টাকা নির্ধারন করা হয়। | (ক)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br><br>(ঘ) ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | **অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাস্তকৃত/ প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)**<br><br>কোন সুপারিশ নাই | | |
| ০৭. | **সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)** | | |
| **ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:** | উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে। তিনি আরো জানান যে, টেন্ডার আহবান প্রক্রিয়া চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী |
| **খ.স্বাস্থ্য বিভাগ:** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপেস্নক্স এর বহিঃ বিভাগ থেকে ৫৯৬৮ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরম্নরী বিভাগ থেকে ১১২৩ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৪৪১ জন রোগীকে অমত্মঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ৪০ জন, ১৩ জন সিজারিয়ান করা হয়। ৪৩৭ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। এছাড়াও ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলার উদ্দেশ্যে হাসপাতালের প্রশাসন আগামী ৩১/০১/২৩ ইং পর্যমত্ম নির্দেশনা অনুযায়ী ৫০/= টাকা মূল্যে ডেঙ্গু পরিক্ষা করা হচ্ছে এবং ডেঙ্গু আক্রামত্ম রোগীদের জন্য পৃথক পুরম্নষ/মহিলা বেড স্থাপন করা হয়েছে। ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলার উদ্দেশ্যে হাসপাতাল প্রশাসন বর্জ্য ব্যবস্থাপনা এবং ডেঙ্গু প্রতিরোধক সচেতনতামূলক কার্য্যক্রম পরিচালনা করছেন। বাঘারপাড়া উপজেলা স্বাস্থ্য কমপেস্নক্স এই পর্যমত্ম ডেঙ্গু আক্রামত্ম হইয়াছে ২২৩ জন, সুস্থ্য হয়েছেন ১৬১ জন, ৬২ জনকে রেফার করা হয়েছে, এবং ৬ জন রোগী অমত্মঃবিভাগে ভতি আছেন। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২২৫৮৬ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৮৩৫ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ৮৬৩ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| **গ.কৃষি বিভাগ:** | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় রবি মৌসুমে বোরো ধান আবাদের ১৬৪৪০ হেক্টর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রার বিপরীতে ১০৪৩০ হেক্টর জমিতে রোপন সম্পন্ন হয়েছে এবং বাকি জমিতে রোপনের কাজ চলমান। বোরো ধানের বীজতলার সার্বিক অবস্থা ভাল। উক্ত মৌসুমে সরিষা ৪৬৫০ হেক্টর, আলু-৫৫ হেক্টর, গম-৬০হেক্টর, ভুট্টা- ৫৪ হেক্টর, সবজি-১২৫০ হেক্টর, পেঁয়াজ-৪৫ হেক্টর, রসুন-৪০ হেক্টর সহ অন্যান্য ফসল জমিতে চাষাবাদ হয়েছে। রবি মৌসুমের বিভিন্ন ফসলের পরিচর্যা, রোগ পোকা দমন,ফলগাছের পরিচর্যা, বসতবাড়ীতে পুষ্টিবাগান স্থাপনসহ সার্বিক পরামর্শ কৃষকদের দেওয়ার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশন প্রদান করা হয়েছে। প্রনোদনার আওতায় রবি মৌসুমে বিতরণকৃত সকল ফসল মাঠ পর্যায়ে বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় উন্নয়ন সহায়তার (ভর্তুকি) বিভিন্ন কৃষি যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষকদের অগ্রাধিকার তালিকা অনুমোদন করে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং প্রকল্পের অনুমোদন সাপেক্ষে বিতরণ করা হবে। সার মনিটরিং এর কার্যক্রম চলমান আছে। প্রদর্শনী স্থাপন ,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা। |
| **ঘ.মৎস্য বিভাগ:** | উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, রাজস্ব খাতের আওতায় উপজেলার দোহাকুলা ইউনিয়ন পরিষদ মিলনায়তনে গত ১৫/০১/২০২৪ খ্রি. তারিখ ২০ জন মৎস্য চাষীকে মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়। উপজেলার ৯ টি ইউনিয়নের মৎস্য চাষীদের জানুয়ারী/২৪ মাস জুড়ে শিতকালীন মৎস্য চাষ বিষয়ক বিভিন্ন পরামর্শ | দাপ্তরিক কার্যক্রম নিয়মিত তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| | প্রদান করা হয়। ১লা নভেম্বর ২০২৩খ্রি. তারিখ হতে ৩০শে জুন ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত জাটকা সংরক্ষণ কার্যক্রমের আওতায় উপজেলা মৎস্য দপ্তর, বাঘারপাড়া, যশোরের পক্ষ হতে অত্র উপজেলার বিভিন্ন বাজারে মৎস্য আড়ৎ ও মৎস্য বাজার সার্বক্ষনিক জাটকা সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | | |
| ঙ.প্রাণি সম্পদ বিভাগ: | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারী/-২৪খ্রিঃ মাস ১। কৃত্রিম প্রজনন-ক. তরল সিমেন দ্বারা অর্জন-১৬৯, খ. হিমায়িত সিমেন দ্বারা অর্জন-৯৯০, গ. সংকর জাতের বাছুর উৎপাদন-৪৭৭, ২। গবাদিপশু ও হাসমুরগির টিকা প্রদান-, ক. গবাদিপশুর টিকা প্রদান-৩২০ মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান-২০০০০ মাত্রা, ৩.গবাদিপশুর চিকিৎসা প্রদান-২২৮৭ টি, ৪.হাসমুরগির চিকিৎসা প্রদান-১০৮৭১ টি, ৫.পেষাপ্রাণির চিকিৎসা প্রদান-০২টি, ৬.উঠান বৈঠক আয়োজন সংখ্যা-০৫টি, ৭.খামার পরিদর্শন-১০টি, ৮.দুধ উৎপাদন-২১৮৭টি, ৯.মাংস উৎপাদন-৯৫৫ মে.টন, ১০.ডিম উৎপাদন-০.৪৫ লক্ষ **শীতকালিন গবাদিপশু-পাখির যত্ন সম্পর্কে খামারিদের সচেতনতাসহ ব্যবস্থাপনার মৌলিক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ** সরকারী এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ আয়)- ক. টিকাবীজ বিক্রয়-১৭০০০/-, খ.কৃত্রিম প্রজনন-৯৫৪৫০/-। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| চ.সমাজসেবা দপ্তর: | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে ২য় কিস্তি ২৩৩২২ জনের পেরোল পাঠানো হয়েছে এবং যার ভাতা বিতরন কার্যক্রম চলমান। ১০৬৬ জন ভাতাভোগী মৃত্যুবরণ করায় রিপ্লেসমেন্ট করা হয়েছে। নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য।মোট-৫২৬২ জন ভাতা প্রত্যাশী আবেদন পাওয়া গেছে ইতোমধ্যে প্রতিবন্ধীভাতার ১৩৮১ জনের বরাদ্দ পাওয়া গেছে।প্রতিবন্ধ ভাতাভোগী নির্বাচন কাযক্রম চলমান।অন্যান্য কার্যক্রম চলমান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ছ.পরিবার পরিকল্পনা বিভাগ: | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬৫৬৯ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ১০৬৫৭(চক্র) কনডম ৮২৫৭(পিস) ইনজেকটেবল ১৬৩৩ জন আইইউডি ০৪জন, ইমপ্লান্ট ৪৫জন, স্থায়ী পদ্ধতী পুরুষ ০০জন, মহিলা ০৪, মোট ০৪ জন । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক): | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যায় যে, ১ জানুয়ারী ২০২৪ তারিখে অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের মাঝে বই উৎসবের মাধ্যমে বিনামূল্যের পাঠ্যবই বিতরন করা হয়েছে। অত্র উপজেলায় নব নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের ১৫দিন ব্যাপী ইনডাকশন ট্রেনিং উপজেলা রিসোর্স সেন্টারে অনুষ্ঠিত হচ্ছে। অত্র উপজেলার সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ৩য় প্রান্তিক (বার্ষিক) মূল্যায়ন ২২ নভেম্বর-২৩ তারিখ শুরু হয়। বিগত ১২ ডিসেম্বর ২৩ তারিখে ফলাফল প্রদান করা হয়। ফলাফলের ভিত্তিতে শিক্ষার্থীরা শ্রেণি উত্তীন হয়ে পরবর্তী শ্রেণিতে পাঠদান শুরু করেছে। অত্র উপজেলার শিক্ষকদেরসহ দাপ্তরিক অন্যান্য সকল নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক): | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। উপজেলার নিকটবর্তী কোন প্রতিষ্ঠানের মাঠে বাস্কেটবল কোড তৈরীকরণসহ ক্রীড়ার ক্ষেত্র বৃদ্ধিকরণের জন্য সকলের সহযোগীতা কামনা করেন । এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলমান আছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর |

| | | | |
|---|---|---|---|
| **ঞ. পল্লী উন্নয়ন বিভাগ:** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ৪৩৬ টি দল/সমিতিরি ১২৪৪৮ জন সমবায়ী/সদস্যর মাঝে ২০২৩-২০২৪ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯৪৯.০০ লক্ষ টাকা। চলতি আর্থিক বছরে ৩৬৫ জন সদস্যর মধ্যে ২০১.৫০ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ২১৭.৬৭ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি। | দাপ্তরিক কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| **ট. যুব উন্নয়ন দপ্তর:** | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০৮৩১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি অর্থবছরে আরো ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। যার মধ্য থেকে ৫৫১১ জন যুব ও যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ১০৬৯ জন যুব ও ৬৬৩ জন যুব মহিলা সহ মোট ১৭৩২ জন কে যুব ঋণ হিসাবে ৫,১৫,৯১, ৩০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৭%। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| **ঠ. সমবায় বিভাগ :** | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬৯টি ২০২২-২০২৩সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ১ টি ও ৪৫ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ২০২১-২০২২সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,২৩,০৩০/- টাকা। আদায়কৃত অডিট ফি ১,২৩,০৩০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৮১১২৭/-টাকা, আদায়কৃত সিডিএফ ৮১১২৭/-টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মুল বরাদ্ধ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ঘূর্ণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমান ২০০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমান ৪০,৭৪,৮৪০/- টাকা মোট ঋণ আদায় ৩৫,৮৭,৬৯৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমান ৪,৮৭,১৪৬/-টাকা। আদায়ের হার ৮৮%। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| **ড. মহিলা বিষয়ক দপ্তর:** | ০১। **ভিডব্লিউবি কার্যক্রমঃ** বাঘারপাড়া উপজেলায় ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রে উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। জুলাই/২০২৩ হতে ডিসেম্বর-২০২৩ পর্যন্ত মোট ০৬ (ছয়) মাসের খাদ্য বরাদ্দ পাওয়া গেছে। ডিসেম্বর-২৩ পর্যন্ত খাদ্যশস্যের অর্পণাদেশ (ডি/ও) প্রদান করা হয়েছে। ০২। **মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ** মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের নভেম্বর/২০২৩ পর্যন্ত বাঘারপাড়া পৌরসভা এবং উপজেলাধীন ০৯ টি ইউনিয়নে বরাদ্দ মোতাবেক অনলাইনে ভাতাভোগী নির্বাচনের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ০৩। **ক্ষুদ্রঋণঃ** ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। ডিসেম্বর-২০২৩ মাস পর্যন্ত ৩১৯ জনকে ৩৩,২৮,০০০/- (তেত্রিশ লক্ষ আটাশ হাজার) টাকা ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে। ০৪। **কিশোর কিশোরী ক্লাবঃ** বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। ০৫। **উঠান বৈঠকঃ** বাল্যবিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। ০৬। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| **ঢ. ত্রাণ বিভাগ:** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| **ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের গভীর নলকূপের চালান সংগ্রহের কাজ চলমান পাশাপাশি নলকূপ স্থাপনের কাজও চলমান রয়েছে। পিইডিপি ৪প্রকল্পের আওতায় ১২ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক করার অনুমোদন পাওয়া গিয়েছে যার কার্যক্রম চলমান রয়েছে। খুব দ্রুত কাজ শুরু করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| **ত. বন বিভাগ** | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর |
| **০৯.বিবিধ:** | **(ক)** ইউডিএফ, ইউজিডিপি প্রকল্প, বাঘারপাড়া কর্তৃক অত্র উপজেলায় স্থায়ী কমিটির সভা হচ্ছে না, সভাসমূহ করা একান্ত প্রয়োজন মর্মে সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে উপজেলা নির্বাহ অফিসার বিধি মোতাবেক নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ জানান। চেয়ারম্যান, উপজেলা পরিষদ দুইজন ভাইস চেয়ারম্যানকে স্থায়ী কমিটির সভা নিয়মিত করার বিষয়ে বিশেষভাবে দায়িত্বপালনের জন্য অনুরোধ জানান এবং বিভাগীয় প্রদান ও সদস্যসচিবগণকে নিয়মিত স্থায়ী কমিটির সভার নোটিশ করে তাঁকে অবহিত করার বলেন। | (ক) সংশ্লিষ্ট সকলকে বিধি মোতাবেক যথাযথ দায়িত্ব পালনপূর্বক নিয়মিত স্থায়ী কমিটির সভা করার জন্য অনুরোধ জানানো হলো। | (ক) (১) সভাপতি, স্থায়ী কমিটি (১৭টি), বাঘারপাড়া<br>(২) সদস্যসচিব, স্থায়ী কমিটি (১৭টি), বাঘারপাড়া |

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০১/২০২৪
ভিক্টোরিয়া পারভীন সাথী
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

## উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

**স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-০৩** **তারিখঃ ২২- ০১-২০২৪ খ্রিঃ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯ মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা ............................................ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১.চেয়ারম্যান,................................................ইউনিয়নপরিষদ,বাঘারপাড়া,যশোর।
১২.সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

২২/১/২০২৪
হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

# পরিশিষ্ঠ-গ

## উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

## ডিসেম্বর-২০২৩

যে সভায় উপস্থাপিতঃ- জানুয়ারী-২০২৪

| ক্রমিক | বিবরণ | বিলের পরিমান | চেকনং ও তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর নভেম্বর-২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ৪০০০০/- | চেক নং ৪৭০৪৬৮৯ তাং ০৩.১২.২০২৩ |
| ২. | জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর নভেম্বর -২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭০০০/- | চেক নং ৪৭০৪৬৯০ তাং ০৩.১২.২০২৩ |
| ৩. | জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর নভেম্বর - ২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭০০০/- | চেক নং ৪৭০৪৬৯১ তাং ০৩.১২.২০২৩ |
| ৪. | মোঃ সোহেল হোসেন, মালী, উপজেলা পরিষদকে নভেম্বর -২০২৩ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১২৬৫০/- | চেক নং ৪৭০৪৬৯২ তাং ০৩.১২.২০২৩ |
| ৫. | মোঃ খলিল হোসেন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে নভেম্বর-২০২৩ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১২৬৫০/- | চেক নং ৪৭০৪৬৯৩ তাং ০৩.১২.২০২৩ |
| ৬. | পঙ্কজ মন্ডল, প্রোপাইটার, দুবাই প্রসাধনীকে অক্টোবর-২৩ হতে ডিসেম্বর-২০২৩ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | =১৩৪২৫/- | চেক নং ৪৭০৪৬৯৪ তাং ০৫.১২.২০২৩ |
| ৭. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আনুষাঙ্গিক বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =১৫৭৫/- | চেক নং ৪৭০৪৬৯৫ তাং ০৫.১২.২০২৩ |
| ৮. | মোঃ জিন্নাত আলী, প্রোপাইটার, জান্নাতুল হোটেলকে ডিসেম্বর-২০২৩ মাসের আপ্যায়ন মাসের আপ্যায়ন বিল প্রদান | =২৬৮৫০/- | চেক নং ৪৭০৪৬৯৬ তাং ০৫.১২.২০২৩ |
| ৯. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী আপ্যায়ন বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =৩১৫০/- | চেক নং ৪৭০৪৬৯৭ তাং ০৫.১২.২০২৩ |
| ১১. | জনাব কিংকর বিশ্বাস, হিসাবসহকারী, ইউএনও অফিস কে জাতীয় দিবস (বিজয় দিবস-২০২৩) উদযাপন কাজে ব্যয়িত বিল প্রদান | =৩০৫৩৭/- | চেক নং ৪৭০৪৬৯৮ তাং ১১.১২.২০২৩ |
| ১২. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী জাতীয় দিবসেরে বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =৪৪৬৩/- | চেক নং ৪৭০৪৬৯৯ তাং ১১.১২.২০২৩ |
| ১৩. | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের ডিসেম্বর-২৩ মাসের ভবিষ্য তহবিলের অর্থ জমার জন্য প্রদান | =৫৫৬২/- | চেক নং ৪৭০৪৭০০ তাং ১৯.১২.২০২৩ |
| ১৪. | যশোর পল্লীবিদ্যূৎ সমিতি-১, তফসীডাঙ্গা কে উপজেলা পরিষদের জুলাই-২৩ হতে ডিসেম্বর-২০২৩ পর্যন্ত বিদ্যুৎ বিল প্রদান | =১,৯২,৮৫৬/- | চেক নং ৪৭০৪৭০১ তাং ২৮.১২.২০২৩ |
| ১৫. | জনাব কৃষ্ণপদ অধিকারী, প্রোপাইটার, বাঘারপাড়া ক্যাবল নেটওর্য়াককে অক্টোবর-২৩ হতে ডিসেম্বর-২০২৩ মাসের ইন্টারনেট বিল প্রদান | =৭৫০০/- | চেক নং ৪৭০৪৭০২ তাং ২৮.১২.২০২৩ |

২২/০১/২০২৪
হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

২২/০১/২০২৪
ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

## বাঘারপাড়া উপজেলা সেচ কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ- হোসনে আরা তান্নি, উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর।

স্থান ঃ- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঘারপড়া, যশোর। তারিখ ঃ- ১৪-১১-২০২৩ ইং, রোজ- মঙ্গলবার, সময় ঃ- ১১.০০ ঘটিকায়।

### উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যবৃন্দকে সু-স্বাগত জানিয়ে সদস্য সচিব বিএডিসি বাঘারপাড়া কে আলোচ্যসূচী ধারাবাহিকতা অনুযায়ী উপস্থাপনের জন্য আহব্বান জানান। সদস্য সচিব সভাপতি মহোদয় সহ উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সূচী মোতাবেক উপস্থাপন করা হয়। সভায় সেচ কমিটির সদস্য সচিব কর্তৃক সেচ যন্ত্রের স্কীম অনুমোদন ও লাইসেন্স প্রাপ্তির জন্য সেচ যন্ত্রের মালিকদের আবেদনপত্র গুলি সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে সহকারী প্রকৌশলী(ক্ষুদ্রসেচ)বিএডিসি, যশোর জোন, যশোর ও সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি, বাঘারপাড়া, যশোর কর্তৃক তদন্ত পূর্বক কমিটির সভায় উপস্থিত করা হয়।

ভূ-গর্ভস্থ পানি বিধিমালা- ২০১৯ মোতাবেক বাঘারপাড়া উপজেলার জন্য নির্দ্ধারিত নূন্যতম দূরত্ব একটি গভীর নলকূপ থেকে অপর গভীর নলকূপ- ২৬২৪ ফুট, একটি গভীর নলকূপ থেকে অপর অগভীর নলকূপ- ১৬৪০ ফুট, একটি অগভীর নলকূপ থেকে অপর অগভীর নলকূপ- ৮২০ ফুট, সভাপতি মহোদয় লাইসেন্স প্রদানের ব্যাপারে সকল সদস্য একমত পোষন করেন এবং বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ঃ- ০১

সদস্য সচিব জানায় যে সিদ্ধান্ত-২ মোতাবেক মাঠ পর্যায়ে থেকে এ পর্যন্ত মোট ২৮২ (দুইশত বিরাশি) টি অগভীর-গভীর নলকূপ স্কীমের আবেদন উপজেলা সেচ কমিটিতে জমা হয়। উক্ত আবেদনগুলি তদন্ত প্রতিবেদন অনুযায়ী দেখা যায় যে, সিদ্ধান্ত-৩ মোতাবেক ক্রমিক নং- ০১-৪২ টি অগভীর মোট ৪২ (বিয়াল্লিশ)টি অগভীর নলকূপ ও ৪৩-৪৪ মোট ০২ (দুই) টি গভীর নলকূপ স্কীমের আবেদন অনুমোদন যোগ্য ও ৪৫ নং ০১ (এক) টি নলকূপের স্কীমের আবেদন নবায়নযোগ্য ও সিদ্ধান্ত-৪ মোতাবেক ক্রমিক নং ৪৬-৫৮ মোট ১৩ টি গভীর নলকূপ অনুমোদন অযোগ্য এবং সিদ্ধান্ত-৫ মোতাবেক ক্রমিক নং ০১-২১৪ টি মোট ২১৪ (দুইশত চব্বিশ) টি স্কীমের আবেদন অনুমোদন যোগ্য নহে বলে তদন্ত কর্মকর্তা প্রতিদেন দাখিল করেন। অতঃপর বিস্তারিত আলোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহন করা হয়।

সিদ্ধান্ত- ০১

তদন্ত প্রতিবেদন সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক অনুমোদন যোগ্য/অযোগ্য হওয়ায় উপজেলা সেচ কমিটি সর্ব সম্মতি ক্রমে তদন্ত প্রতিবেদনগুলি চুড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা পরিষদে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত-০২

মোঃ মাসুদ রানা, পিতা- মোঃ হাসান বিশ্বাস, গ্রাম- মালঞ্চী, বাঘারপাড়া, যশোর এর আবেদনের প্রেক্ষিতে মৌজা- মালঞ্চী, জে.এল নং-৮২, খতিয়ান-৯৩৩, দাগ নং-২৯৬২, লাইসেন্স নং- ২০২১-২২/তারিখ- ১৭-১১-২০২১ ইং ০.৫কিউসেক লাইসেন্সটি বাতিল করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন ও সু-স্বাস্থ্য কামনা করে সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন।

(হোসনে আরা তান্নি)
উপজেলা নির্বাহী অফিসার,
ও
সভাপতি
উপজেলা সেচ কমিটি
বাঘারপাড়া, যশোর ।

স্মারক নং- উ.সে.ক.২০২৩-২৪/২২২/১(৮)

তারিখ- ১৪.১১.২০২৩

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সেচ কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করা হলোঃ-

০১। উপজেলা চেয়ারম্যান, বাঘারপাড়া উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া উপজেলা ও সভাপতি উপজেলা সেচ কমিটি।
০৩। উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া উপজেলা ও সদস্য, উপজেলা সেচ কমিটি।
০৪। উপজেলা প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বাঘারপাড়া উপজেলা ও সদস্য, উপজেলা সেচ কমিটি ।
০৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া উপজেলা ও সদস্য, উপজেলা সেচ কমিটি ।
০৬। পানি উন্নয়ন বোর্ড, বাঘারপাড়া উপজেলা ও সদস্য, উপজেলা সেচ কমিটি ।
০৭। উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি, বাঘারপাড়া উপজেলা ও সদস্য, উপজেলা সেচ কমিটি।
০৮। উপজেলা প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাঘারপাড়া উপজেলা ও সদস্য, উপজেলা সেচ কমিটি ।
০৯। অফিস কপি

(মোঃ জাকির হোসেন)
সদস্য সচিব
উপজেলা সেচ কমিটি
বাঘারপাড়া উপজেলা, যশোর।
ও
সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)
বিএডিসি, যশোর জোন, যশোর।